# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন,
৭১/৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।

"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।"

ঋণ ও অগ্রিম বিভাগ

পরিপত্র নং-০২/২০২৩ তারিখঃ ০৯.০২.২০২৩

**বিষয়ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবাসী কল্যাণ ব্যাংকের চলামান ঋণ, পুনর্বাসন ঋণ, ও বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের নিমিত্ত ব্যাংক রেটে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা প্রাক-অর্থায়ন (Pre-Finance স্কীমের আওতায় ঋণ বিতরণ।**

বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী নাগরিকদের ঋণ প্রদানের মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন এবং বিদেশফেরত প্রবাসীদের অর্থনৈতিক কার্যক্রমে অন্তর্ভুক্তির লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ, শিল্প-কারখানা, সেবা ও বাণিজ্য খাত, ক্ষুদ্র ও কুটির শিল্পসহ অন্যান্য উৎপাদনশীল প্রকল্পে ঋণ প্রদানের মাধ্যমে অবকাঠামো উন্নয়নসহ দেশীয় কৃষিখাত ও শিল্পায়নে উল্লেখযোগ্য অবদান নিশ্চিতকল্পে প্রবাসী কল্যাণ ব্যাংকের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১,০০০ (এক হাজার) কোটি টাকা প্রাক-অর্থায়ন (Pre-Finance) ঋণ মঞ্জুর করা হয়েছে। উক্ত মঞ্জুরিকৃত অর্থ হতে ঋণ বিতরণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাদি পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০১. গ্রাহক পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্যতা:
(ক) প্রবাসী কল্যাণ ব্যাংকের অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ এবং বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ সংক্রান্ত নীতিমালার আলোকে বিবেচিত গ্রাহকগণ এ তহবিলের আওতায় ঋণ গ্রহণ করতে পারবেন।
(খ) এ তহবিলের আওতায় গৃহীত ঋণ কোনভাবেই গ্রাহকের পুরাতন ঋণ সমন্বয়ের জন্য ব্যবহার করা যাবে না।
(গ) খেলাপী ঋণগ্রহীতা এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

০২. ঋণের খাত ও গ্রাহক পর্যায়ে ঋণসীমা: ঋণের খাত ও গ্রাহক পর্যায়ে ঋণসীমা নির্ধারণের ক্ষেত্রে অত্র ব্যাংকের অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ এবং বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ সংক্রান্ত নীতিমালা প্রযোজ্য হবে।

০৩. গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ: গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ এবং বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ সংক্রান্ত নীতিমালার আলোকে নির্ধারিত হবে।

০৪. তহবিল বরাদ্দ: শাখায় বরাদ্দকৃত উক্ত অর্থ অত্র ব্যাংকের বিদ্যমান অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ ও বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণের নীতিমালা যথাযথভাবে পরিপালনপূর্বক ঋণ বিতরণ করতে হবে। প্রতিটি ঋণের সদ্ব্যবহার নিশ্চিত হওয়া সাপেক্ষে পরবর্তীতে তহবিল বরাদ্দ করা হবে।

০৫. ঋণের সুদহার:
(ক) গ্রাহক পর্যায়ে অত্র ব্যাংকের বিদ্যমান অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ ও বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণের নীতিমালা অনুযায়ী ঋণের সুদের হার নির্ধারিত হবে। তবে বাংলাদেশ ব্যাংক কে প্রদত্ত প্রাক-অর্থায়ন ঋণের উপর ব্যাংক রেটে (বর্তমানে ৪% যা সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে) সুদ প্রদান করতে হবে (যা প্রধান কার্যালয় নির্বাহ করবে);
(খ) গ্রাহক পর্যায়ে প্রদত্ত প্রাক-অর্থায়ন ঋণের অর্থ বা এর কোন অংশের সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে বাংলাদেশ ব্যাংককে সে পরিমাণ অর্থের উপর অতিরিক্ত ২% হারে সুদসহ এককালীন প্রদান করতে হবে। সে জন্য ঋণের সদ্ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে।

০৬. রিপোর্টিং ও মনিটরিং: শাখা ব্যাবস্থাপকগন ও অঞ্চল প্রধানগণ বাংলাদেশ ব্যাংক হতে প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণ, ও আদায় সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের সমন্বিত বিবরণী সদ্ব্যবহার নিশ্চিত মর্মে প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে অঞ্চল প্রধানগণের স্বাক্ষরে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবর দাখিল করতে হবে।

০৭. শ্রেনিকরণ এবং প্রভিশন: গ্রাহক যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে তা বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেনিকরণ করতে হবে এবং প্রভিশন সংরক্ষণ করতে হবে।

০৮. বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা প্রাক-অর্থায়ন (Pre-Finance) ঋণ মঞ্জুরির অর্থ হতে অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে ০৯ ফ্রেরুয়ারি ২০২৩ তারিখ হতে ঋণ বিতরণ কার্যক্রম শুরু করতে হবে।

০৯. উক্ত প্রাক-অর্থায়ন (Pre-Finance) ফান্ড এর হিসাবায়ন পৃথক ভাবে চিহ্নিত করার লক্ষ্যে Bank Ultimus (CBS) সফটওয়্যারে বিদ্যমান 'অভিবাসন ঋণ' 'পুনর্বাসন ঋণ' এবং 'বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণের Loan Product Design অনুযায়ী 504-Migration Loan (BB Pre-Finance), 514-Reintegration Loan (BB Pre-Finance) এবং 522-Bangabandhu Ovibasi Brihot Poribar Loan (BB Pre-Finance) শিরোনামে পৃথক পৃথক নতুন Code খোলা হয়েছে। হিসাবায়নের সুবিধার্থে সংশ্লিষ্ট এসকল নতুন Code ব্যবহার করতে হবে।

চলমান পাতা ০২

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন,
৭১/৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।


"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।"

১০. বর্ণিত নির্দেশনা পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

১১. এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা প্রাক-অর্থায়ন (Pre-Finance) ঋণ মঞ্জুরির সকল শর্তাবলী যথযথপভাবে পরিপালনপূর্বক অত্র ব্যাংকের বিদ্যমান অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ ও বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণের নীতিমালা অনুয়ায়ী উক্ত ফান্ডের অর্থ হতে ঋণ বিতরণের জন্য সকল শাখা ব্যাবস্থাপকগণকে নির্দেশনা প্রদান করা হলো।

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

(মোঃ হারুন অর রশিদ)
উপমহাব্যবস্থাপক
ও বিভাগীয় প্রধান

অনুলিপিঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক।
০৭। অফিস কপি।